

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর  
চট্টগ্রাম জেলা কার্যালয়, টিসিবি ভবন (৩য় তলা), বন্দরটিলা, চট্টগ্রাম  
www.dncrp.chittagong.gov.bd

স্মারক নং : ২৬.০৪.০০০০.৩০২.০৪.৩৮১.১৮-১৭৭

তারিখ : ০৪ সেপ্টেম্বর ২০১৮

এনসিসিসি নম্বর ও তারিখ : ১৭৪৩৫; ১২.০৮.১৮

অভিযোগকারী : জনাব এ.এম আকিফুর রহমান তানিম

প্রতিপক্ষ : ব্যবস্থাপক, দ্যা হাইড আউট লাউঞ্জ এন্ড গেমিং জোন, ৮৯/৩০৯, ইয়কুব ট্রেড সেন্টার, পূর্ব নাসিরাবাদ, লেভেল-৩, চট্টগ্রাম

বিষয় : মিথ্যা বিজ্ঞাপন দ্বারা ক্রেতা সাধারণকে প্রতারণা করা সংক্রান্ত অভিযোগের বিষয়ে শুনানির নোটিশ।

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, জনাব এ.এম আকিফুর রহমান তানিম নামক জনৈক ভোক্তা আপনার বিরুদ্ধে মিথ্যা বিজ্ঞাপন দিয়ে পণ্য বিক্রয় করেছেন মর্মে অভিযোগ দায়ের করেছেন। যা ভোক্তা অধিকার সংরক্ষণ আইন, ২০০৯ এর ৪৪ ধারা মতে দণ্ডনীয় অপরাধ। এ ধারার বিধান অনুসারে, 'কোন পণ্য বা সেবা বিক্রয়ের উদ্দেশ্যে অসত্য বা মিথ্যা বিজ্ঞাপন দ্বারা ক্রেতা সাধারণকে প্রতারণা করা হলে তিনি অনূর্ধ্ব এক বছর সশ্রম বা বিনাশ্রম কারাদণ্ড বা অনধিক দুই লাখ টাকা অর্থদণ্ড বা উভয় দণ্ডে দণ্ডিত হইবেন।"


এ অভিযোগের উপর নিম্নলিখিত তফশিল মোতাবেক প্রশাসনিক ব্যবস্থায় উভয় পক্ষের শুনানি গ্রহণ করা হবে।

তারিখ : ১১ সেপ্টেম্বর ২০১৮, মঙ্গলবার

সময় : বেলা ১২:০০ ঘটিকা

স্থান : জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, চট্টগ্রাম জেলা কার্যালয়, টিসিবি ভবন (৩য় তলা), বন্দরটিলা, চট্টগ্রাম।

এমতাবস্থায়, বর্ণিত তারিখ ও সময়ে আপনি বা আপনার মনোনীত কোন উপযুক্ত প্রতিনিধিকে সংশ্লিষ্ট কাগজপত্রসহ এ দপ্তরে শুনানিতে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।



(মুহাম্মদ হাসানুজ্জামান)

সহকারী পরিচালক

ফোন-০৩১-৭৪০২৬৮

e-mail: ad-chittagong@dncrp.gov.bd

১। ব্যবস্থাপক, দ্যা হাইড আউট লাউঞ্জ এন্ড গেমিং জোন, ৮৯/৩০৯, ইয়কুব ট্রেড সেন্টার, পূর্ব নাসিরাবাদ, লেভেল-৩, চট্টগ্রাম

২। জনাব এ.এম আকিফুর রহমান তানিম

অনুলিপি (সদয় অবগতির জন্য):

১. মহাপরিচালক (অতিরিক্ত সচিব), জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, ঢাকা
২. উপপরিচালক, চট্টগ্রাম বিভাগীয় কার্যালয়, জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, চট্টগ্রাম
৩. অফিস নথি